

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন  
সমাজকল্যাণ মন্ত্রণালয়  
এ/২, সেকশন-১৪, মিরপুর, ঢাকা-১২০৬  
ফ্যাক্সঃ ৮০৩৫০৫৩, ই-মেইলঃ jpuf38@yahoo.com

স্মারক নং-৪১.০২.০০০০.০১১.৬৬.১৮২.২০১২-৮০৩

০২ শ্রাবণ ১৪২৬  
২৭ জুলাই ২০১৯


অফিস আদেশ

দেশে চলমান বন্যা পরিস্থিতিতে জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের নিয়ন্ত্রণাধীন প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রসমূহকে নিম্নলিখিত কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করা হলোঃ

নির্দেশাবলী:

- (ক) প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের মূল্যবান যন্ত্রপাতি বন্যাকালীন সময়ে যথাযথভাবে হেফাজত করতে হবে। প্রয়োজনে নিরাপদ স্থানে স্থানান্তর করতে হবে।
- (খ) প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের প্রহরার ব্যবস্থা আরও জোরদার করতে হবে। প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা এবং কনসালট্যান্ট (ফিজিওথেরাপি) ব্যক্তিগতভাবে প্রহরার ব্যবস্থা মনিটরিং করবেন।
- (গ) বৈদ্যুতিক যন্ত্রপাতি ও সংযোগসমূহে যেন বন্যার পানি/বৃষ্টির পানি প্রবেশ না করে সে দিকে সজাগ দৃষ্টি রাখতে হবে।
- (ঘ) জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনে স্থাপিত কেন্দ্রীয় রুমে দায়িত্বরত কর্মকর্তার সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করতে হবে।
- (ঙ) বন্যাদুর্গত স্থানে বন্যার পানি অপসারিত হওয়ার পর মূল্যবান যন্ত্রপাতি নিরাপদে পূর্বস্থানে স্থাপন করতে হবে ও সম্ভব দ্রুততম সময়ে সেবা কার্যক্রম চালু করতে হবে।
- (চ) বন্যাকালীন সময়ে বিভিন্ন আশ্রয়কেন্দ্রে আগত প্রতিবন্ধী ব্যক্তিদের খোঁজখবর ও তাদের প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করতে হবে।
- (ছ) বন্যা দুর্গত এলাকায় বাড়ীতে অবস্থানকারী প্রতিবন্ধী ব্যক্তিদের সার্বিক খোঁজখবর গ্রহণসহ তাদের প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করতে হবে।
- (জ) জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন থেকে সময়ে সময়ে প্রদত্ত নির্দেশাবলী যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

  
(মাহমুদা মিন আরা)  
(অতিরিক্ত সচিব)  
ব্যবস্থাপনা পরিচালক  
☎ ৮০৩৫০৪৫

প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা/  
কনসালট্যান্ট (ফিজিওথেরাপি)  
প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র  
(সকল)।

অনুলিপি: কার্যাথে ও জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. উপপরিচালক (প্রশাসন ও অর্থ)/(উন্নয়ন ও তথ্য প্রযুক্তি), জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর, ঢাকা।
৫. সহকারী পরিচালক (প্রশাসন)/(পরিঃ ও উন্নয়ন), জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর, ঢাকা।
৬. হিসাবরক্ষণ কর্মকর্তা, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর, ঢাকা।
৭. প্রোগ্রামার, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর, ঢাকা (ফাউন্ডেশনের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. প্রশাসনিক কর্মকর্তা, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর, ঢাকা।